

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৭২৬ ১৭/ হক ও অধিকার পরিচ্ছেদঃ পিতা-মাতার সাথে সদ্যবহার

আরবী

وَعَنهُ أَنَّ رَسُولَ اللهِ عَلَيْ قَالَ مِنَ الكَبَائِر شَنْمُ الرَّجُل وَالِدَيهِ قَالُوا: يَا رَسُولَ اللهِ وَهَلْ يَشْهُ أَبَا الرَّجُلِ فَيَسُبُّ أَبَاه وَيَسُبُّ أُمَّهُ فَيَسُبُّ أُمَّهُ متفقً عليه

وَفِيْ رِوَايَةٍ إِنَّ مِنْ أَكْبَرِ الكَبَائِرِ أَنْ يَلْعَنَ الرَّجُلُ وَالِدَيْهِ قِيلَ :يَا رَسُولَ اللهِ كَيْفَ يَلْعَنُ الرَّجُلُ وَالِدَيهِ قَالَ يَسُبُّ أَبَا الرَّجُل فَيَسُبُّ أَباهُ وَيَسُبُّ أُمَّهُ فَيَسُبُّ أُمَّهُ

বাংলা

(১৭২৬) উক্ত সাহাবী (রাঃ) হতেই বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''কাবীরাহ গুনাহসমূহের একটি হল আপন পিতা-মাতাকে গালি দেওয়া।'' জিজ্ঞেস করা হল, 'হে আল্লাহর রসূল! আপন পিতা-মাতাকে কি কোন ব্যক্তি গালি দেয়?' তিনি বললেন, হাাঁ, সে লোকের পিতাকে গালি-গালাজ করে, তখন সেও তার পিতাকে গালি-গালাজ করে থাকে এবং সে অন্যের মা-কে গালি দেয়, সুতরাং সেও তার মা-কে গালি দেয়। (বুখারী ৫৯৭৩, মুসলিম ২৭৩)

অন্য এক বর্ণনায় আছে, কাবীরাহ গুনাহসমূহের একটি হল নিজের পিতা-মাতাকে অভিশাপ করা।" জিজ্ঞেস করা হল, 'হে আল্লাহর রসূল! মানুষ নিজের পিতা-মাতাকে কিভাবে অভিশাপ করে?' তিনি বললেন, ''সে অপরের পিতাকে গালি-গালাজ করে, তখন সেও তার পিতাকে গালি-গালাজ ক'রে থাকে। আর সে অন্যের মা-কে গালি দেয়, বিনিময়ে সেও তার মা-কে গালি দেয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন